

ফাযিল (স্নাতক) ৩য় বর্ষে ভর্তি ও সেশন ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাযিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাযিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার অনুমোদিত একাডেমিক ও পরীক্ষা অর্ডিন্যান্স-এর ধারা ২.৫(ক এবং ঘ) মোতাবেক ফাযিল (স্নাতক) ৩য় বর্ষে নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ভর্তি ও সেশন ফি' আদায় করতে হবে।

তফসীলঃ

- (১) ফাযিল (স্নাতক) শ্রেণীতে (তিন বছর মেয়াদী) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ফাযিল (স্নাতক) ২য় বর্ষ পরীক্ষা-২০১৬ সম্পন্ন হওয়ার পর পরই মাদ্রাসাসমূহ তাদের স্ব স্ব মাদ্রাসায় ফাযিল (স্নাতক) ৩য় বর্ষের ক্লাশ শুরু করবে এবং ফাযিল (স্নাতক) ২য় বর্ষ ফলাফল প্রকাশের ১(এক) মাসের মধ্যেই সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত সেশন ফি' প্রদান স্বাপেক্ষে ফাযিল (স্নাতক) ৩য় বর্ষে ভর্তি কাজ সম্পন্ন করতে হবে ও আদায়কৃত অর্থের ব্যাংক ড্রাফট পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।
- (২) ফাযিল ৩য় বর্ষের ভর্তি ফি' (সেশন ফি') নিম্নরূপঃ

শ্রেণী	ভর্তি ফি' (সেশন ফি')	ক্রীড়া ফি'	রোডার স্কাউটস/বি.এন.সি.সি
ফাযিল	২৫০.০০	৫০.০০	২৫.০০

- (৩) স্ব স্ব মাদ্রাসা কর্তৃপক্ষ ফাযিল (স্নাতক) ৩য় বর্ষে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই উপরোল্লিখিত ভর্তি ফি' (সেশন ফি') ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% এবং বি.এন.সি.সি এর ২৫/=সহ অর্থাৎ (১২৫/=+২৫/=+২৫/=) প্রতি ছাত্র/ছাত্রী মোট ১৭৫/= টাকা হারে রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়া-এর উপর ব্যাংক ড্রাফট ইস্যু করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফটসহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT List বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।
- (৪) রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাযিল (স্নাতক) ২য়/৩য় বর্ষ পরীক্ষা-২০১৬ এ অংশ গ্রহণ করেনি বা অংশ গ্রহণ করে একাধিক বিষয়ে অনুলীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান স্বাপেক্ষে ফলাফল প্রকাশের ১(এক) মাসের মধ্যে পুনঃভর্তি করতে হবে এবং পুনঃভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT Listসহ আদায়কৃত অর্থের ব্যাংক ড্রাফট পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।
- (৫) রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাযিল (স্নাতক) ১ম বর্ষ অয়িমিত পরীক্ষা-২০১৬ এ অংশ গ্রহণ করে উল্লীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান স্বাপেক্ষে ফলাফল প্রকাশের ১(এক) মাসের মধ্যে পুনঃভর্তি করতে হবে এবং পুনঃভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT Listসহ আদায়কৃত অর্থের ব্যাংক ড্রাফট পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।
- (৬) রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী কামিল (স্নাতকোত্তর) ২য় পর্ব পরীক্ষা-২০১৫তে অংশ গ্রহণ করেনি বা অংশ গ্রহণ করে একাধিক বিষয়ে অনুলীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) বিধি অনুযায়ী নিম্নোক্ত ফি' প্রদান স্বাপেক্ষে পুনঃভর্তি হতে হবে এবং পুনঃভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT Listসহ আদায়কৃত অর্থের ব্যাংক ড্রাফট সম্পন্ন করে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের ভর্তি ফি' (সেশন ফি') নিম্নরূপঃ

শ্রেণী	ভর্তি ফি' (সেশন ফি')	ক্রীড়া ফি'	রোডার স্কাউটস/ বি.এন.সি.সি
কামিল	৩০০/=	৫০/=	২৫/=

স্ব স্ব মাদ্রাসা কর্তৃপক্ষ কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই উপরোল্লিখিত ভর্তি ফি' (সেশন ফি') ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' (অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/=টাকা হারে) রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়া-এর উপর ব্যাংক ড্রাফট ইস্যু করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফটসহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT List বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

- (৭) সকল বর্ষের সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত অর্থ ১টি ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে বর্ষ অনুযায়ী আলাদা আলাদা TOT Listএর কপি জমা দিতে হবে।

(এস.এম. আব্দুল লতিফ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্তি)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।